# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড


সচিবালয়
পানি ভবন (লেভেল-৭),
৭২,গ্রীণ রোড, ঢাকা-১২০৫

ফোনঃ ০২২২২২৩০০৫৩
ই-মেইলঃ bwdbsecretary@gmail.com
ওয়েবসাইটঃ www.bwdb.gov.bd

Phone: 02222230053
e-mail:bwdbsecretary@gmail.com
website: www.bwdb.gov.bd


স্মারক নং- ৪২.০১.০০০০.০০৪.৯৯.০৩৫.২০-১৯৫

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ
১৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ

## পরিপত্র

বিষয়ঃ **সীমান্তবর্তী জেলাসমূহ ও অন্যান্য আক্রান্ত জেলাসমূহে অবস্থিত বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের দপ্তর সমূহের বর্তমান কোভিড-১৯ (২য় ওয়েভ) পরিস্থিতিতে করণীয় প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত স্মারক নং-০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০-১৬১; তারিখঃ ০৬ জুন, ২০২১ খ্রিঃ অনুসরণে করোনা ভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) এর বিস্তার রোধকল্পে সার্বিক কার্যাবলি/ চলাচলে বিধি-নিষেধ অনুসরণপূর্বক বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের (বাপাউবো) সীমান্তবর্তী জেলাসমূহ ও অন্যান্য আক্রান্ত জেলাসমূহের দপ্তরের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা প্রতিপালনের জন্য অনুরোধ করা হলোঃ-

(ক) অতি জরুরী প্রয়োজন ব্যতীত বাইরের কোন দর্শনার্থী দপ্তরে প্রবেশ নিরুৎসাহিত করতে হবে। পরিস্থিতি বিবেচনায় ক্ষেত্র বিশেষে দপ্তরাঙ্গণে প্রবেশ নিষিদ্ধ করতে হবে।

(খ) অতি জরুরী কাজ সম্পাদনের জন্য স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক কর্মকর্তা/কর্মচারীগণের মধ্য হতে প্রয়োজনীয় সংখ্যক দপ্তরে উপস্থিত থাকবেন।

(গ) জরুরী প্রয়োজন না হলে দাপ্তরিক কাজ কর্মকর্তা/ কর্মচারীগণ তাঁদের স্ব স্ব বাসগৃহে অবস্থান করেই সম্পাদন করবেন।

(ঘ) দপ্তরের প্রবেশমুখে হ্যান্ড স্যানিটাইজারের ব্যবস্থা এবং আবশ্যিকভাবে সকলকে মাস্ক ব্যবহার করতে হবে।

(ঙ) দপ্তরের অভ্যন্তরীণ এবং বহিরাঙ্গণ এলাকা নিয়মিত পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে।

(চ) দপ্তরের অভ্যন্তরে/ আঙ্গিণায় কোন ধরনের সমাবেশ, সামাজিক আচার অনুষ্ঠান বন্ধ রাখতে হবে এবং কর্মকর্তা-কর্মচারীদের বাহিরে চলাচলে যথাসম্ভব জনসমাগম পরিহার করতে হবে।

এ পরিপত্রটি মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে জারী করা হলো।

১৩/০৬/২০২১

মোঃ মুজিবুর রহমান
সচিব
বাপাউবো, ঢাকা।
সেল# ০১৭১৪৪০০৫৩৭

অনুলিপি (জ্ঞাতার্থে)ঃ

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মাননীয় সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৩/০৬/২০২১
সচিব
বাপাউবো, ঢাকা।

পরের পাতা-২

**অনুলিপি (কার্যার্থে ও জ্ঞাতার্থে)ঃ**

১। প্রধান প্রকৌশলী, দক্ষিণ-পূর্বাঞ্চল/ পূর্বাঞ্চল/ উত্তর-পূর্বাঞ্চল/ উত্তর-পশ্চিমাঞ্চল/ পশ্চিমাঞ্চল/ দক্ষিণ- পশ্চিমাঞ্চল/ দক্ষিণাঞ্চল/ উত্তরাঞ্চল, বাপাউবো, চট্টগ্রাম/ কুমিল্লা/ সিলেট/ রাজশাহী/ ফরিদপুর/ খুলনা/ বরিশাল/ রংপুর।

২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংশ্লিষ্ট) সকল ..................................................বাপাউবো .......................।

৩। নির্বাহী প্রকৌশলী (সংশ্লিষ্ট) সকল ........................................................বাপাউবো .......................।

**অনুলিপি (জ্ঞাতার্থে)ঃ**

১। সি.এস. ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। (পরিপত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।)

৩-৭। ব্যক্তিগত সহকারী অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/ অর্থ/ পূর্ব রিজিয়ন/ পশ্চিম রিজিয়ন/ পরিকল্পনা), বাপাউবো, ঢাকা।